

নং-৪৬.০০.০০০০.০৬৪.২০.০০৩.১৫/১৫৩৯

তারিখঃ ২৩/০৪/২০১৭খ্রিঃ।

প্রেরকঃ এ. কে. এম. আনিছুল্জামান
সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেটে মিউনিসিপ্যালিটি/পৌরসভা সাহায্য মঞ্জুরী-দাফন অনুদান খাত হতে নিঃস্ব বেওয়ারিশ লাশ দাফনের জন্য আঞ্জুমান মফিদুল ইসলাম, ৫, এস,কে,দাস রোড, ঢাকা এর বিপরীতে অর্থ ছাড়করণ (৪র্থ কিস্তি) প্রসঙ্গে।

মহোদয়,

স্থানীয় সরকার বিভাগের ২৫/১০/২০১৬ তারিখে ৪৬.০০.০০০০.০৬৪.২০.০০৩.১৫/১৩৬৬ নম্বর স্মারকে জারিকৃত বিভাজন অনুযায়ী ২০১৬-১৭ অর্থ বছরে সংশোধিত অনুন্নয়ন বাজেটে নিঃস্ব বেওয়ারিশ লাশ দাফনের জন্য আঞ্জুমান মফিদুল ইসলাম, ৫, এস, কে, দাস রোড, ঢাকা -এর জন্য রক্ষিত ৫৮,৮০,০০০/- (আটাত্ত লক্ষ আশি হাজার) টাকা হতে ৪র্থ কিস্তি বাবদ ১৪,৭০,০০০/- (চৌদ্দ লক্ষ সত্তর হাজার) টাকা ছাড়করণে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।


২। এ মঞ্জুরীকৃত অর্থ ২০১৬-১৭ অর্থ বছরের জাতীয় রাজস্ব (অনুন্নয়ন) বাজেটের মঞ্জুরী নং-৩৩ হিসাবের খাত-৩-৩৭০৫-৩৭৫৭-৫৯০১ মিউনিসিপ্যালিটি/পৌরসভা-সাহায্য মঞ্জুরী-দাফন অনুদান খাতে বরাদ্দকৃত ১,১০,০০,০০০/- (এক কোটি দশ লক্ষ) টাকা হতে মিতানো হবে।

৩। স্থানীয় সরকার বিভাগের প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে নির্বাহী পরিচালক, আঞ্জুমান মফিদুল ইসলাম, ৫ এস, কে, দাস, রোড, ঢাকা -এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

৪। উক্ত অর্থ ব্যয়ে প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না। অব্যয়িত অর্থ আগামী ৩০ জুন, ২০১৭ তারিখের মধ্যে সরকারী কোষাগারে জমা দিতে হবে। অবমুক্তকৃত অর্থ ব্যয়ের বিবরণী ১৫ জুলাই, ২০১৭ এর মধ্যে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

৬। এ অর্থ ছাড়করণে অর্থ বিভাগের বাজেট-১১ শাখার ২৩/০৪/২০১৭ তারিখের ০৭.১১১.০২০.০১.০০.০০৭.২০১১-২২১ নং স্মারকে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।


(এ. কে. এম. আনিছুল্জামান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

নং-৪৬.০০.০০০০.০৬৪.২০.০০৩.১৫/১৫৩৯

তারিখঃ ২৩/০৪/২০১৭খ্রিঃ।

অবগতি ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকাকে পৃষ্ঠাংকন করার জন্য সচিব, অর্থ বিভাগ (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১) -কে এর ২ টি অনুলিপি দেয়া হ'ল।

স্মারক নং-০৭.১১১.০২০.০১.০০.০০৭.২০১১-

তারিখঃ /০৪/২০১৭খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকাকে এর অনুলিপি দেয়া হ'ল। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।


(মোঃ হেলাল উদ্দীন)
সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৬.০০.০০০০.০৬৪.২০.০০৩.১৫/১৫৩৯

তারিখঃ ২৩/০৪/২০১৭খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১)}।
- ০২। নির্বাহী পরিচালক, আঞ্জুমান মফিদুল ইসলাম, ৫, এস, কে, দাস রোড, ঢাকা-১২০৪।
- ০৩। সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(এ. কে. এম. আনিছুল্জামান)
সহকারী সচিব